

বাংলাদেশ পোশাক প্রস্তুত কারক ও রপ্তানীকারক সমিতি (বিজিএমইএ)

বিজিএমইএ কমপ্লেক্স, বাড়ী # ৭/৭এ, ব্লক # এইচ ১, সেক্টর # ১৭, উত্তরা, ঢাকা।

বিজ্ঞপ্তি নং- বিজিএ/শ্রম/২০২৩/১৩৮

তারিখ : ৬ জুন ২০২৩

সকল সম্মানিত সদস্যের জন্য


বিষয়ঃ কঙ্গিলিয়েশন-কাম-আরবিট্রেশন কমিটির কার্যক্রম পরিচালনা সম্পর্কিত পদ্ধতির বিষয়ে অবহিত করণ প্রসঙ্গে।

প্রিয় মহোদয়,

আপনাদের সদয় অবগতির জন্য জানানো যাচ্ছে যে, বিজিএমইএ'র কঙ্গিলিয়েশন-কাম-আরবিট্রেশন কমিটি (CAC) ১৯৯৮ সাল থেকে বিজিএমইএ শ্রম শাখার মাধ্যমে অত্যন্ত দক্ষতা ও সুনামের সাথে কার্যক্রম পরিচালনা করে আসছে। এরই ধারাবাহিকতায় পোশাক শিল্প প্রতিষ্ঠানের শ্রমিকদের অভিযোগ বিভিন্ন শ্রমিক ফেডারেশনের মাধ্যমে বিজিএমইএতে দাখিল করা হয়। দাখিলকৃত অভিযোগসমূহ বিজিএমইএ শ্রম শাখা থেকে কারখানার ব্যবস্থাপনা পরিচালকের বরাবরে মতামতের জন্য প্রেরণ করা হয়ে থাকে। কারখানা থেকে প্রাপ্ত মতামতের ভিত্তিতে/কমিটির সাথে আলোচনা করে পরবর্তীতে কঙ্গিলিয়েশন-কাম-আরবিট্রেশন কমিটির সভায় অভিযোগসমূহ উপস্থাপন করে উভয় পক্ষের সম্মতিক্রমে নিষ্পত্তি করা হয়। এটি একটি চলমান প্রক্রিয়া। পোশাক শিল্পের স্বার্থে এবং শ্রমিকদের কল্যাণে এই ধারাবাহিক প্রক্রিয়া অব্যাহত থাকবে।

কঙ্গিলিয়েশন-কাম-আরবিট্রেশন কমিটি, বিজিএমইএ'র এই ধারাবাহিক কার্যক্রম সুষ্ঠু ভাবে পরিচালনা করার লক্ষ্যে আপনার/আপনাদের সার্বিক সহযোগীতা কামনা করছি।

ধন্যবাদান্তে,



(মাঃ ফয়জুর রহমান)

মহা সচিব